রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ১, ২০১৯

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৬/৩০ জুন ২০১৯

নং **২৮.০১.০০০০.০১২.১৪.০০১.১৯-৪১০৫**—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ অনুসারে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এর ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার পরিবর্তনের প্রস্তাবের বিষয়ে আগ্রহী পক্ষগণকে শুনানি প্রদানপূর্বক বিস্তারিতভাবে পর্যালোচনা করতঃ উক্ত কোম্পানীসমূহ কর্তৃক ভোক্তাপর্যায়ে সরবরাহকৃত প্রাকৃতিক গ্যাসের মূল্যহার নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হলো :

| ক্রমিক নং | গ্রাহকশ্রেণি | মূল্যহার (টাকা/ঘনমিটার) |
|---|---|---|
| ১ | বিদ্যুৎ | ৪.৪৫ |
| ২ | ক্যাপটিভ পাওয়ার | ১৩.৮৫ |
| ৩ | সার | ৪.৪৫ |
| ৪ | শিল্প | ১০.৭০ |
| ৫ | চা-বাগান | ১০.৭০ |

| ক্রমিক নং | গ্রাহকশ্রেণি | মূল্যহার (টাকা/ঘনমিটার) |
|---|---|---|
| ৬ | বাণিজ্যিক : | |
| | (ক) হোটেল এন্ড রেস্টুরেন্ট | ২৩.০০ |
| | (খ) ক্ষুদ্র ও কুটির শিল্প | ১৭.০৪ |
| ৭ | সিএনজি | ৪৩.০০ |
| ৮ | গৃহস্থালি : | |
| | (ক) মিটারভিত্তিক | ১২.৬০ |
| | (খ) এক বার্নার (প্রতি মাসে নির্দিষ্ট) | ৯২৫.০০ |
| | (গ) দুই বার্নার (প্রতি মাসে নির্দিষ্ট) | ৯৭৫.০০ |

২। বাণিজ্যিক গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত ক্ষুদ্র ও কুটির শিল্প গ্রাহকের মূল্যহার অপরিবর্তিত থাকবে।

৩। বিদ্যমান ন্যূনতম চার্জ (Minimum Charge) প্রত্যাহার করা হলো।

৪। গৃহস্থালি ব্যতীত অন্যান্য গ্রাহকশ্রেণির ক্ষেত্রে প্রতি ঘনমিটার মাসিক অনুমোদিত লোডের বিপরীতে ০.১০ টাকা হারে ডিমান্ড চার্জ আরোপ করা হলো।

৫। প্রতি ঘনমিটার সিএনজির মূল্যহারের মধ্যে ফিড গ্যাসের মূল্যহার ৩৫.০০ টাকা এবং অপারেটর মার্জিন ৮.০০ টাকা অন্তর্ভুক্ত।

৬। নিয়মাবলী সম্পর্কিত কমিশনের সংশ্লিষ্ট আদেশসমূহ বহাল থাকবে।

৭। এ আদেশ ১ জুলাই ২০১৯ তারিখ হতে কার্যকর হবে।

কমিশনের আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd